

ডিসিপ্লিন সংক্রান্ত বিশেষ চিঠি
শ্রেণি: ২য় থেকে ১০ম (ছাত্রীদের জন্য)

২১ নভেম্বর, ২০১৬

সম্মানিত অভিভাবক,
আসসালামু আলাইকুম,

আপনাদের সদয় অবগতির জন্যে জানানো যাচ্ছে যে, সারা বছর জুড়ে শিক্ষার্থীদের সুশৃঙ্খল করার জন্য প্রয়োজনীয় দিক নির্দেশনা স্কুল আপনাদের জানিয়ে আসছে। এ ব্যাপারে আপনারা স্কুলকে সহযোগিতা করেছেন। বর্তমানে স্কুল অনুভব করছে, সামগ্রিকভাবে শিক্ষার্থীদের আরেকটু নিয়ম শৃঙ্খলার ব্যাপারে সচেতন হওয়ার প্রয়োজন। স্কুল এ ব্যাপারে শিক্ষার্থীদের জন্য অবশ্য পালনীয় বিষয়গুলো আপনাদের সুবিধার্থে পুনরায় উপস্থাপন করছে। প্রাসঙ্গিক তথ্য সমূহ:-

সাধারণ নিয়মাবলী :

১. সময়সূচি : নিয়মিত ক্লাস চলাকালে শিক্ষার্থীকে অবশ্যই ৮টা ১০মিনিটের মধ্যে স্কুলে প্রবেশ করতে হবে। আসন্ন পরীক্ষা চলাকালে শিক্ষার্থীকে অবশ্যই পরীক্ষা শুরুর ৩০মিনিট পূর্বে স্কুলে প্রবেশ করতে হবে।
২. স্কুল ইউনিফর্ম : স্কুলের ইউনিফর্ম পরিষ্কার পরিচ্ছন্ন থাকবে। সোয়েটার- নেভি ব্লু রংয়ের। সাথে স্কুলের মনোগ্রাম বাম পাশে লাগিয়ে নিতে হবে (মনোগ্রাম অফিস থেকে সংগ্রহ করুন)।
৩. জুতা হতে হবে কালো ও পলিশড। মেয়েদের জন্য *Bata Shoe Category No: 66/ 67*। সঙ্গে পরিষ্কার সাদা রং এর মোজা থাকবে। মোজা বিহীন জুতা পরে স্কুলে আসা যাবে না।
৪. চুল : মেয়েদের ক্ষেত্রে-চুল ছোট হলে-সাদা বা কালো রঙের রাবার ব্যান্ড দিয়ে দুই বাঁটা/ বাঁটা বাঁধা না গেলে চুলে সাদা বা কালো প্লেইন ক্লিপ দিতে হবে। চুল বড় হলে- সাদা ফিতা বা সাদা রাবার ব্যান্ড দিয়ে দুটি বিনুনি গাঁথতে হবে।
৫. মেয়েরা খুব ছোট্ট কানের টপ/ ছোট চিকন রিং পরতে পারবে। এর বাইরে কোনো প্রকারের কানের দুলা, আংটি পরে স্কুলে আসা যাবে না। স্কুলে লিপস্টিক, আই লাইনার, কাজল, নেইল পলিশ নিয়ে আসা এবং ব্যবহার করা যাবে না।
৬. নখ সব সময় ছোট রাখতে হবে।
৭. শিক্ষার্থীদের সঙ্গে রুমাল থাকা আবশ্যিক। মেয়েরা রুমাল কোমরে বেণ্টের সঙ্গে রাখবে।
৮. ঘড়ি ব্যবহারের ক্ষেত্রে :
 - ✓ ১ম-৪র্থ শ্রেণির শিক্ষার্থীরা হাত ঘড়ি ব্যবহার করবে না।
 - ✓ ৫ম-১০ম শ্রেণির শিক্ষার্থীরা যারা ঘড়ি ব্যবহার করতে আগ্রহী যেসব শিক্ষার্থীরা প্লেইন ও নরমাল সাইজের ঘড়ি ব্যবহার করতে পারবে।
৯. স্কুলে মোবাইল কিংবা কোনো প্রকার খেলার সরঞ্জামাদি, ডিভাইস আনা যাবে না।
১০. আফটারনুন সেশন ড্রেস: আফটারনুন সেশনের পোশাক স্কুল কর্তৃক নির্ধারিত নমুনা অনুযায়ী হতে হবে। নির্ধারিত নমুনার বাইরে কোনো ধরনের পোশাক গ্রহণযোগ্য হবে না।
 - ✓ আফটারনুন সেশনে মেয়েদের ক্ষেত্রে-টাইটস নয়, সালোয়ার পরিধান করতে হবে। ওড়না সুতির হতে হবে।

আগামী ২৬শে নভেম্বর, শনিবার থেকে নিম্নোক্ত বিষয়গুলোর ব্যাপারে শিক্ষার্থীদের অসচেতনতা দেখা গেলে স্কুল যেকোনো প্রকার সংশোধনীয় মূলক ব্যবস্থা গ্রহণে বাধ্য থাকবে।

আপনার সহযোগিতা একান্ত কাম্য।

ধন্যবাদান্তে,
কসমো স্কুল